# 11561 - কুরআনে কারীম মুখস্ত করার কার্যকরী পদ্ধতি

প্রশ্ন

আমি কুরআনে কারীম মুখস্ত করার সহজ পদ্ধতি জানতে চাই?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

কুরআনে কারীম মুখস্ত করার পদ্ধতি হচ্ছে:

নিয়মিত কুরআনে কারীম মুখস্ত করা। মুখস্ত করার ক্ষেত্রে মানুষের দুইটি পদ্ধতি অবলম্বন করে:

এক: এক আয়াত এক আয়াত করে, কিংবা দুই আয়াত দুই আয়াত করে, কিংবা তিন আয়াত তিন আয়াত করে মুখস্ত করা; আয়াতের দীর্ঘতা ও হ্রস্বতার ভিত্তিতে।

দুই: এক পৃষ্ঠা এক পৃষ্ঠা করে মুখস্ত করা।

কেউ কেউ গোটা পৃষ্ঠাকে বারবার পড়ার মাধ্যমে মুখস্ত করাকে প্রাধান্য দেয়। আর কেউ কেউ এক আয়াত বারবার পড়ার মাধ্যমে মুখস্ত করে, এরপর পরের আয়াত মুখস্ত করে; এভাবে খতম করাকে প্রাধান্য দেয়।

প্রথম পদ্ধতি বা দ্বিতীয় পদ্ধতি যেটোই অনুসরণ করা হোক না কেন একটা অংশ মুখস্ত করার পর সেটি পরিপূর্ণভাবে পাকাপোক্ত করার আগে নতুন কিছু মুখস্ত না করা; যাতে করে ভিত্তি দুর্বল না হয়। যতটুকু মুখস্ত করা হয়েছে প্রতিদিন; বিশেষতঃ সকাল বেলায় সেটি পুনঃ পাঠ করা উচিত। যখন ব্যক্তি বুঝতে পারবে যে, সে যতটুকু মুখস্ত করেছে এটি পাকাপোক্ত হয়েছে; তখন সে নতুন পাঠ গ্রহণ করবে।